JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো লেক অন্টারিও বন্যায় ক্ষতিগ্রস্থ আটটি কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছেন

গভর্নর স্টেট পার্কসমূহকে সৈকতের 1,000 ফুটের মধ্যে চলাচলকারী বিনোদনমূলক যানবাহনসমূহের জন্য গতিসীমা 5 MPH বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন

20টি স্যান্ডব্যাগার, এক মিলিয়নেরও বেশি বালির বস্তা, শত শত পাম্প এবং 5,000 ফুটেরও বেশি অ্যাকোয়াড্যাম বর্তমানে ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলিতে স্থাপন করা হয়েছে

তাৎক্ষণিকভাবে মোতায়েনের জন্য নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard)-এর 200 সদস্যকে প্রস্তুত রাখা হয়েছে

গভর্নর কুওমো আজ লেক অন্টারিও-এর বন্যায় ক্ষতিগ্রস্থ আটটি কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছেন, যেগুলো হলো: কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অর্লিন্স, অসিগো, সেন্ট লরেন্স এবং ওয়েন। গভর্নরের আদেশ স্টেট এজেন্সিসমূহকে স্টেট প্রোপার্টি রক্ষা করার নির্দেশ দিয়েছেন এবং স্থানীয় সরকারসমূহ ও ব্যক্তিবর্গকে বন্যা মোকাবেলা ও এর থেকে পরিত্রাণে সহায়তা করার নির্দেশনা দিয়েছেন। সেইসাথে এই ঘোষণা স্টেটের বিভিন্ন উপকরণ ও সম্পদসমূহকে ব্যক্তিগত সম্পত্তিসহ বন্যা প্রতিরোধ বাঁধসমূহের ক্ষেত্রে অধিকতর সহায়তা করতে সাহায্য করার নির্দেশ দিয়েছেন।

এছাড়াও গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট অফিস অভ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation)-এর কমিশনারকে এই অঞ্চলে চলমান উপকূলীয় বন্যা মোকাবেলার অংশ হিসেবে ক্ষতিগ্রস্থ কাউন্টিসমূহে লেক অন্টারিও এর উপকূলবর্তী এলাকায় সচেতনতার লক্ষ্যে কমিশনার কর্তৃক উপযুক্ত বিবেচিত হওয়া সাপেক্ষে প্রতি ঘণ্টায় 5 মাইল গতিসীমা বাস্তবায়নের নির্দেশনা দিয়েছেন। আজ থেকে শুরু করে সৈকতের 1,000 ফুটের মধ্যে চলাচলকারী যানবাহনসমূহকে কোনো কাউন্টি কর্তৃক ভিন্ন কোনো নির্দেশনা না দেওয়া হলে সেক্ষেত্রে উপকূলবর্তী অধিবাসী ও অবকাঠামোসমূহের উপর ঢেউ কর্তৃক সৃষ্ট ক্ষতিসমূহ কমাতে এবং নিরাপদ বোট চলাচলের প্রচারণার লক্ষ্যে অবশ্যই প্রতি ঘন্টায় গতিসীমা 5 মাইল অনুসরণ করতে হবে। নো ওয়েক জোন সেন্ট লরেন্স নদী (St. Lawrence River) উপকূলবর্তী কমিউনিটিসমূহের জন্য প্রযোজ্য নয়।

"আমরা এখন 2017 বন্যা পরিস্থিতি পুনরাবৃত্তির জন্য প্রস্তুতি গ্রহণ করছি যেটিকে মানুষ ধ্বংসাত্মক হিসেবে স্মরণ রেখেছে এবং যা ব্যাপক ক্ষতিসাধন করেছিল এবং হাজার হাজার নিউ ইয়র্ক

অধিবাসীর জন্য প্রচুর দুর্দশা বয়ে এনেছিল। আমরা লেক অন্টারিও এর সমগ্র উপকূলরেখার ব্যাপারে কথা বলছি এবং সেভাবেই এটির হাজার হাজার মাইল নিউ ইয়র্ক স্টেট সম্পত্তির ব্যাপারেও কথা বলছি", **গভর্নর কুওমো বলেন।** "একমাত্র পদক্ষেপ যা আমরা গ্রহণ করতে পারি তা হলো সত্যিকারে বন্যা সংঘটিত হওয়ার পূর্বেই প্রস্তুতি গ্রহণ করা - এবং আমরা সেটাই করছি। এছাড়াও আমি সেইসকল ক্ষতিগ্রস্থ কমিউনিটিসমূহের জন্য জরুরি আদেশ ঘোষণা করছি যার মাধ্যমে সৈকতের 1,000 ফুটের মধ্যে 5 মাইল নির্ধারণ করেছে কেননা আমাদের সর্বশেষ যে জিনিসটি প্রয়োজন তা হলো বোট নিয়ন্ত্রণ যেগুলো অতিরিক্ত ঢেউ সৃষ্টি করছে। জরুরি আদেশ আমাদেরকে স্থানীয় সরকারসমূহ ও ব্যক্তিগত সম্পত্তির ব্যাপারেও কাজ করার সুযোগ প্রদান করে যাতে আমরা উপকূলরেখাকে রক্ষা করার জন্য অ্যাকোয়াডাম ও অন্যান্য উপকরণ স্থাপন করতে পারি।"

সাধারণ পরিস্থিতিসমূহে বোট চালনাকারীগণকে উপকূলের 100 ফুটের মধ্যে গতিসীমা ঘন্টায় 5 মাইল অনুসরণ করতে হবে। এই অঞ্চলের বর্তমান জরুরি অবস্থা অনুযায়ী এবং লেক অন্টারিওতে পানির স্তর অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় গভর্নর স্টেট পার্কসমূহকে যথাযথ এলাকাসমুহে কোনো কাউন্টি কর্তৃক ভিন্ন কোনো নির্দেশনা দেওয়া না হলে গতি সীমাবদ্ধতা 1,000 এ বর্ধিত করার অনুমোদন ও নির্দেশনা দিয়েছেন।

বোট চলাচলের মাধ্যমে সৃষ্ট ঢেউসমূহ উপকূলরেখার ক্ষয়কে বর্ধিত করতে পারে যার মাধ্যমে আবাসিক ও মিউনিসিপ্যালিটির অবকাঠামো অধিকতর হুমকির মুখে পড়তে পারে। গতি কমানোর ফলে বোটের আন্দোলন কমে যাবে এবং উপকূলে ঢেউয়ের প্রভাব শিথিল হবে। নিরাপদ বোটিং নিশ্চিত করার জন্য গতি কমিয়ে আনা প্রয়োজন, কারণ অনেক অপ্রকাশিত বিপদ ও ধ্বংসাবশেষ উচ্চতর পানির স্তর দ্বারা আচ্ছাদিত এবং সেগুলো বোট চালকদের নিরাপত্তা হুমকির মুখে ফেলতে পারে। স্টেটের এজেন্সিসমূহ বোট চালকদেরকে প্রশিক্ষিত করতে পৌরসভার সঙ্গে কাজ করছে এবং সমগ্র অঞ্চলে কৌশলগত অবস্থানসমূহে ডিজিটাল বার্তা বোর্ড স্থাপন করেছে।

প্রস্তুতি কার্যক্রমে সহায়তা করার জন্য গভর্নর কর্তৃক 200 জন নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড সদস্য সক্রিয় করার পাশাপাশি নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের 200 সদস্যকে লেক অন্টারিও বন্যা দ্বারা প্রভাবিত আটটি কাউন্টিতে অবিলম্বে নিয়োগের জন্য প্রস্তুত রাখা হয়েছে। ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিতে আজ পর্যন্ত স্টেট 20টি স্যান্ডব্যাগার, এক মিলিয়নের বেশি খালি বালির বস্তা এবং 560,000 ভরাট বালির বস্তা, শত শত পাম্প, এবং 5,000 ফুটেরও বেশি অ্যাকোয়াড্যাম নিয়োজিত করেছে।

বিভাগের সমন্বয়িত প্রচেষ্টা এবং সংস্থান নিয়োগ করা ছাড়াও, গ্রেট লেকস বেসিনে চলতে থাকা স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার জন্য ওন্টারিও হ্রদ এবং সেন্ট লরেন্স নদীতে জলের স্তর বেড়ে যাওয়ার কারণে সম্ভাব্য ক্ষতির প্রভাবগুলি দূর করতে গভর্নর কুওমো স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরকে (Department of Environmental Conservation, DEC) একটি জেনারেল পার্মিট ইস্যু করার নির্দেশ দিয়েছেন। DEC কমিশনানের ইস্যু করা জরুরি ঘোষণা ভিত্তিক এই পার্মিট, উপকূলবর্তী সম্পত্তির মালিকদের বন্যার কারণে ক্ষতিগ্রস্ত তাদের সম্পত্তির দ্রুত প্রয়োজনীয় মেরামত এবং স্থিতিশীল করার জন্য প্রক্রিয়াগুলিকে দ্রুততর করবে। উচ্চ জলস্তর চলতে থাকবে বলে অনুমান করা হচ্ছে এবং এর ফলে সমুদ্র উপকূলের বিস্তীর্ণ অঞ্চলের ক্ষয় হবে, যা

উপকূলবর্তী স্ট্রাকচারগুলির ক্ষতি করবে এবং 2017 সালের বসন্তকালে হওয়া ঐতিহাসিক বন্যার মতো পরিকাঠামোকে বিপন্ন করে তুলবে।

নতুন পার্মিটটি DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে। 30শে এপ্রিল, 2020 অবধি DEC আবেদন গ্রহণ করবে। জেনারেল পার্মিট কর্তৃপক্ষ সেপ্টেম্বর 30, 2020 পর্যন্ত কার্যকর থাকবে।

অনুমোদিত ক্রিয়াকলাপগুলি অন্তর্ভুক্ত করে:

- ক্ষতিগ্রস্ত কাঠামোগুলির মেরামত এবং কোনো বস্তুর প্রতিস্থাপন;
- বিদ্যমান সার্বজনীন সড়ক, সেতু, ইউটিলিটি এবং অন্যান্য সার্বজনীন পরিকাঠামোগুলির মেরামত বা প্রয়োজনীয় সামগ্রী দিয়ে পুনঃনির্মাণ;
- সাময়িক বলদায়ক এবং আস্তরণ দিয়ে বিদ্যমান, কর্মরত ঝড়-দ্বারা ক্ষতিগ্রস্ত আবাস, ডেক এবং হাঁটার পথগুলিকে স্থিতিশীল করা;
- উপকূলের পলি জমে লেক অন্টারিও এর শাখানদীগুলির গতিপথ বন্ধ হয়ে গেলে তা সরানো।

যে সমস্ত বাড়ির মালিক এবং পৌরসভাগুলির পার্মিটগুলি সম্পর্কে প্রশ্ন আছে তারা আঞ্চলিক DEC পার্মিট প্রশাসকের (Regional DEC Permit Administrator) সাথে যোগাযোগ করতে পারেন।

প্রয়োজনীয় যেকোনো সংস্থান সরাসরি NY Responds (নিউ ইয়র্ক রেসপন্ডস), যা স্থানীয় প্রশাসন এবং স্টেট সংস্থা উভয়কেই গুরুত্বপূর্ণ জরুরি পরিস্থিতি-সম্পর্কিত তথ্য এবং সংস্থানের অনুরোধ জমা এবং শেয়ার করতে সক্ষম করে তোলে, তাদেরকে জমা দিতে, গভর্নর স্থানীয় কর্মকর্তাদেরকে তাদের কাউন্টি আপৎকালীন অবস্থার পরিচালকদের (County Emergency Managers) সাথে কাজ করার অনুরোধ জানিয়েছেন। ইমার্জেন্সি ম্যানেজারগণ যদি সেই সময়ে এনওয়াই রেস্পন্ডস-এ প্রবেশ করতে অক্ষম হন তাহলে তারা 518-292-2200 নম্বরে কল করে নিউ ইয়র্ক স্টেট ওয়াচ সেন্টার (New York State Watch Center)-এর মাধ্যমে আবেদন জমা দিতে পারবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন